

অগ্রাধিকার ভিত্তিতে টিকা পাবেন শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীরা। রাজধানীর জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানে (পঙ্গু হাসপাতাল) উপস্থিত হয়ে তাৎক্ষণিক রেজিস্ট্রেশন করে তারা টিকা নিতে পারবেন। গত মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত আদেশ জারি করে এ নির্দেশনা দেওয়া হয়েছে।

নির্দেশনায় বলা হয়েছে, যারা ইতোমধ্যে সুরক্ষা অ্যাপসে নিবন্ধন করেছেন তাদের সেসব হাসপাতালে টিকা গ্রহণের সুযোগ উন্মুক্ত থাকবে। তবে যারা জাতীয় অর্থোপেডিকে টিকা নিতে চান তাদের ওই হাসপাতালের ফোকাল পারসন (মোবাইল-০১৭৪৮৩৮৯৬০৯) অথবা পরিচালকের দণ্ডরে (০১৭১৬৩৯৯৯৩৬) যোগাযোগ করতে বলা হয়েছে।

এদিকে মঙ্গলবার সকালে টিকা গ্রহণ করেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহাপরিচালক সৈয়দ গোলাম মো. ফারুক। রাজধানীর সরকারি কর্মচারী হাসপাতালে সকালে তিনি টিকা গ্রহণ করেন। সে সময় তিনি বলেন, করোনা পরিস্থিতি একটু উন্নতির দিকে। আশা করি, পরিস্থিতি আস্তে আস্তে স্বাভাবিক হয়ে যাবে। তারপর শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেওয়া হবে।